গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

## যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "যানবাহন চালনা প্রশিক্ষণ (২য় পর্যায়) প্রকল্পের পুরাতন গাড়িগুলো মেরামত/সচলকরণ বিষয়ক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর |
| তারিখ | : | ০২.০৭.২০২৫ খ্রি. |
| সময় | : | বেলা ১২.০০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, মহাপরিচালকের কার্যালয়, ঢাকা। |

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| নং | নাম ও পদবী | দপ্তর |
|---|---|---|
| ১. | জনাব এম এ আখের, পরিচালক (পরিকল্পনা) | যুব উন্নয়ন অধিদপ্তর |
| ২. | জনাব শামীমা আকতার, যুগ্মসচিব | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ৩. | প্রকৌশলী নীহার রঞ্জন মজুমদার, ম্যানেজার (কারিগরি) | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন |
| ৪. | জনাব মোঃ শাহীনূর রহমান, উপপরিচালক (পরিকল্পনা-১) | যুব উন্নয়ন অধিদপ্তর |
| ৫. | জনাব সালেহ উদ্দিন আহমেদ, উপপরিচালক (পরিকল্পনা-২) | যুব উন্নয়ন অধিদপ্তর |
| ৬. | জনাব মোঃ শওকত আলী, সহকারী পরিচালক (পরিকল্পনা-১) | যুব উন্নয়ন অধিদপ্তর |
| ৭. | জনাব মোঃ হাছিনুর রহমান , সহকারী পরিচালক (পরিকল্পনা-৩) | যুব উন্নয়ন অধিদপ্তর |
| ৮. | জনাব মোঃ সাদ্দাম হোসেন, সহকারী পরিচালক (নৌ) | সরকারি যানবাহন অধিদপ্তর |
| ৯. | জনাব মোঃ তাজুল ইসলাম, মোটরযান পরিদর্শক | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ |

৩.০ উপস্থাপনা:

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে পরিচালক (পরিকল্পনা) কার্যপত্র উপস্থাপন করে বলেন যে, গত ০৪ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "যানবাহন চালনা প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ৩.৯ নম্বর অনুচ্ছেদে উল্লেখ্য রয়েছে যে, "যানবাহন চালনা প্রশিক্ষণ (১ম পর্যায়) প্রকল্পের পুরাতন প্রশিক্ষণ গাড়িগুলো নতুন শিরোনামে প্রকল্পে ব্যবহার করার সংস্থান রাখা হলে পুরাতন গাড়িগুলো মেরামত/সচল রাখার জন্য প্রয়োজনীয় অর্থ চাহিদার বিষয়টি বিআরটিএ/যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারণ করে ডিপিপিতে উল্লেখ করতে হবে।

৪.০ আলোচনা:

৪.১ বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের প্রতিনিধি প্রকৌশলী নীহার রঞ্জন মজুমদার, ম্যানেজার (কারিগরি) বলেন যে, বিআরটিসি, সরকারি যানবাহন অধিদপ্তর (জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা) ও বিআরটিএ একত্রে জেলা পর্যায়ে অকেজো গাড়ির প্রাক্কলন করে থাকে। "যানবাহন চালনা প্রশিক্ষণ (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের ৪০টি জেলায় মোট ৮০টি গাড়ির (ম্যানুয়াল ৪০টি ও অটো ৪০টি)

মধ্য হতে যেগুলো গাড়ি অকেজো বা মেরামত যোগ্য সেগুলো গাড়ির প্রাক্কলনের ক্ষেত্রটি উল্লিখিত ০৩টি প্রতিষ্ঠানের আওতাভুক্ত।

৪.২ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের প্রতিনিধি জনাব মোঃ তাজুল ইসলাম বলেন যে, বিআরটিএ নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে লাইসেন্স, ফিটনেস ও ট্যাক্স টোকেন ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করে থাকে। "যানবাহন চালনা প্রশিক্ষণ (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের ৪০টি জেলায় মোট ৮০টি গাড়ির (ম্যানুয়াল ৪০টি ও অটো ৪০টি) মধ্য হতে যেগুলো গাড়ি অকেজো বা মেরামত অযোগ্য সেগুলো গাড়ি ক্রয়ের ক্ষেত্রটি বিআরটিএ এর আওতাভুক্ত। "যানবাহন চালনা প্রশিক্ষণ (১ম পর্যায়) প্রকল্পের পুরাতন প্রশিক্ষণ গাড়িগুলো নতুন শিরোনামে প্রকল্পে ব্যবহার করার সংস্থান রাখা হলে পুরাতন গাড়িগুলো মেরামত/সচল রাখার জন্য প্রয়োজনীয় অর্থ চাহিদার বিষয়টি বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন ও সরকারি যানবাহন অধিদপ্তরের (জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা) সমন্বয়ে কার্যক্রম সম্পন্ন করা হয়ে থাকে।

৪.৩ সরকারি যানবাহন অধিদপ্তরের প্রতিনিধি জনাব মোঃ সাদ্দাম হোসেন, সহকারী পরিচালক (নৌ) বলেন যে, সরকারি যানবাহন অধিদপ্তর এর কার্যক্রম যে ওয়ার্কশপ এর মাধ্যমে হয়ে থাকে তা ঢাকায় অবস্থিত। যেহেতু "যানবাহন চালনা প্রশিক্ষণ (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের ৪০টি জেলায় মোট ৮০টি গাড়ির (ম্যানুয়াল ৪০টি ও অটো ৪০টি) মধ্য হতে যেগুলো গাড়ি অকেজো বা মেরামত সেগুলো গাড়ি "যানবাহন চালনা প্রশিক্ষণ (২য় পর্যায়) প্রকল্পে ব্যবহারের জন্য প্রাক্কলন করা দরকার সেক্ষেত্রে সরকারি যানবাহন অধিদপ্তরের (জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা) প্রতিনিধি, বিআরটিএ, বিআরটিসি এর সমন্বয়ে করা সম্ভব হবে।

৪.৪ পরিচালক (পরিকল্পনা) বলেন যে, গত ০৪ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তরের প্রস্তাবিত "যানবাহন চালনা প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ৩.৯ নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে যে, "যানবাহন চালনা প্রশিক্ষণ (১ম পর্যায়) প্রকল্পের পুরাতন প্রশিক্ষণ গাড়িগুলো নতুন শিরোনামে প্রকল্পে ব্যবহার করার সংস্থান রাখা হলে পুরাতন গাড়িগুলো মেরামত/সচল রাখার জন্য প্রয়োজনীয় অর্থ চাহিদার বিষয়টি বিআরটিএ/যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারণ করে ডিপিপিতে উল্লেখ করতে হবে। বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), সরকারি যানবাহন অধিদপ্তর (জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা) ও বিআরটিএ একত্রে ৪০টি জেলায় অকেজো গাড়ির প্রাক্কলন করা যেতে পারে।

৪.৫ মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় বলেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের প্রস্তাবিত "যানবাহন চালনা প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ৩.৯ নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে যে, "যানবাহন চালনা প্রশিক্ষণ (১ম পর্যায়) প্রকল্পের পুরাতন প্রশিক্ষণ গাড়িগুলো নতুন শিরোনামে প্রকল্পে ব্যবহার করার সংস্থান রাখা হলে পুরাতন গাড়িগুলো মেরামত/সচল রাখার জন্য প্রয়োজনীয় অর্থ চাহিদার বিষয়টি বিআরটিএ/যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারণ করে ডিপিপিতে উল্লেখ করতে হবে। বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), সরকারি যানবাহন অধিদপ্তর (জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা) ও বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) একত্রে ৪০টি জেলায় অকেজো গাড়ির প্রাক্কলন করা যেতে পারে। সেক্ষেত্রে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ ও সরকারি যানবাহন অধিদপ্তর (জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত

কর্মকর্তা) প্রতিনিধি ও যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।

৫.০ সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.১ বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের উপযুক্ত প্রতিনিধি, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের উপযুক্ত প্রতিনিধি ও সরকারি যানবাহন অধিদপ্তরের (জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা) উপযুক্ত প্রতিনিধি এবং যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এর সমন্বয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।

৬.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

০৭.০৭.২০২৫

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-২২৩৩৮৯৩৮৯
dg@dyd.gov.bd

নম্বর-৩৪.০১.০০০০.০২৫.১৪.০৪৫.২৪- ৮৬৭

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জনাব এম এ আখের, পরিচালক (পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২. জনাব শামীমা আকতার, যুগ্মসচিব,যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রকৌশলী নীহার রঞ্জন মজুমদার, ম্যানেজার (কারিগরি), বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
৪. জনাব সালেহ উদ্দিন আহমেদ, উপপরিচালক (পরিকল্পনা-২), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৫. প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. জনাব মোঃ শওকত আলী, সহকারী পরিচালক (পরিকল্পনা-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৭. জনাব মোঃ হাছিনুর রহমান , সহকারী পরিচালক (পরিকল্পনা-৩), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৮. মোঃ সাদ্দাম হোসেন, সহকারী পরিচালক (নৌ), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৯. জনাব মোঃ তাজুল ইসলাম, মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। অফিস কপি।

০৭.০৭.২৫

(মো: শওকত আলী)
সহকারী পরিচালক (পরিকল্পনা-১)
মোবাইল ০১৭৮১-৯৯১২৭৭